বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২৬/২০১৯ তারিখঃ ৩১/১০/২০১৯

**বিষয়ঃ Guidelines on Internal Credit Risk Rating System For Banks এর বাস্তবায়ন এর জন্য Chief Risk Officer (CRO) এর অনুমোদন গ্রহন পদ্ধতি নির্ধারণ প্রসংগে।**

ঋণ ঝুঁকি সঠিকভাবে চিহ্নিতকরণ এবং যথাযথভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং ১৮ তারিখ ১১ ডিসেম্বর ২০০৫ এর মাধ্যমে ক্রেডিট রিস্ক গ্রেডিং ম্যানুয়াল জারী করা হয় যা ৩০.০৯.২০১৯ পর্যন্ত বলবৎ ছিল। বিআরপিডি সার্কুলার নং ১৬ তারিখ ৩০ অক্টোবর ২০১৮ মূলে Guidelines on Internal Credit Risk Rating System For Banks সংক্ষেপে ICRRS প্রচলন করা হয়। ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত ICRRS সিআরজির পাশাপাশি অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয় । পরবর্তীতে ২০ জুন ২০১৯ তারিখে বিআরপিডি সার্কুলার নং ১২ এর মাধ্যমে ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ICRRS সিআরজির পাশাপাশি অব্যাহত রাখার সময় বর্ধিত করার নির্দেশনা প্রদান করা হয়, যা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। উক্ত পত্রে ০১ অক্টোবর ২০১৯ তারিখ থেকে নতুন প্রনীত গাইডলাইন্স ও মডেলটির বাস্তবায়ন বাধ্যতামূলকভাবে নিশ্চিত করার নির্দেশ প্রদান করা হয়েছে।

০২। বিআরপিডি সার্কুলার নং ১৬ তারিখ ৩০ অক্টোবর ২০১৮ মূলে জারীকৃত ICRRS এর জেনারেল ইন্সট্রাকশন্স এর 'এফ' ও 'আই' অনুচ্ছেদে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

f) The executive summary report of the ICRR score of the borrower shall be approved and signed by the Chief Risk Officer (CRO) and for those loans that are approved below the CRO level e.g zonal office or branch office, the executive summary report of the ICRR score shall be approved and signed by the final approval authority at that level.

এবং

i) The Relationship Manager shall pass the approved ICRRS report to the related department for updating their MIS/record.

০৩। ১৭/১০/২০১৯ তারিখে ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ এর ৫৭ নং অফিস আদেশ মোতাবেক প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা Chief Risk Officer (CRO) হিসেবে উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়কে দায়িত্ব প্রদান এবং প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার ভূমিকা ও কার্যাবলী বিবৃত করা হয়েছে । উক্ত পত্রে ICRRS এর জেনারেল ইন্সট্রাকশন্স এর 'এফ' বাস্তবায়নের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের সার্কুলার লেটার নং ১২ তারিখ ২০.০৬.২০১৯ এর মাধ্যমে Guidelines on Internal Credit Risk Rating System For Banks এর নির্দেশনা অনুযায়ী ঋণ গ্রহীতাদের আইসিআরআর স্কোরের Executive Summary Report প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা কর্তৃক পরীক্ষান্তে অনুমোদিত ও স্বাক্ষরিত হবে (কপি সংযুক্ত)।

০৪। ICRRS এর জেনারেল ইন্সট্রাকশন্স এর 'এফ' এর নির্দেশনা অনুযায়ী প্রধান কার্যালয় পর্যায়ে মঞ্জুরিকৃত ঋণের ক্ষেত্রে Chief Risk Officer (CRO) কর্তৃক The executive summary report of the ICRR of the borrower এর আইসিআরআর স্কোরের Executive Summary Report প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা কর্তৃক পরীক্ষান্তে অনুমোদন ও স্বাক্ষর গ্রহণ করার জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরন করতে হবেঃ

(ক) প্রধান কার্যালয় পর্যায়ে নবায়ন, বর্ধিত করন বা নতুন ঋণ বা লিমিট প্রস্তাব ক্রেডিট কমিটিতে উপস্থাপনের পূর্বে ঋণ হিসাব সমূহের প্রনীত ICRRS এর executive summary report ব্যাংকের Chief Risk Officer (CRO) কর্তৃক approved এবং signed হতে হবে;

চলমান পাতা-০২

(খ) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্তৃক এ ধরণের সকল প্রস্তাব সমূহ প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির সভায় উপস্থাপনের পূর্বে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ পূর্বক Chief Risk Officer (CRO) এর approval এবং sign গ্রহণ করতে হবে;

(গ) ঋণ হিসাব সমূহের প্রনীত ICRRS এর সফট্ কপি এবং প্রয়োজনীয় সংখ্যক হার্ড কপি প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্তৃক ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। ICRRS এর অনুমোদনের পর স্বাক্ষর সম্বলিত executive summary report of the ICRR of the borrower এর ৩টি কপি সম্পন্ন করতে হবে যার ১টি কপি ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ MIS/record এর জন্য সংরক্ষন করবে এবং অপর দুটি কপি সংশ্লিষ্ট বিভাগ/ কার্যালয়ে প্রেরণ করবে যার ১টি কপি সংশ্লিষ্ট বিভাগ/ কার্যালয় সংরক্ষন করবে। ঋণ প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে মঞ্জুরি পত্রের সাথে ১টি কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে;

(ঘ) ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত ঋণ সংক্রান্ত প্রস্তাবের ICRRS এর অনুমোদন Chief Risk Officer (CRO) কর্তৃক অনধিক ৩(তিন)টি কর্ম দিবসের মধ্যে সম্পন্ন করতে হবে।

(ঙ) এ ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নিয়মাচার ও ব্যাংকের বিদ্যমান নীতিমালা এবং প্রাসঙ্গিক বিধিবিধান পরিপালন নিশ্চিত করতে হবে।

০৫। বর্ণিত নীতিমালা অনুসরণ করে **Guidelines on Internal Credit Risk Rating System For Banks এর বাস্তবায়ন এর জন্য Chief Risk Officer(CRO) এর অনুমোদন গ্রহন এবং রেকর্ড সংরক্ষণ** কার্যক্রম সফলভাবে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

**সংযুক্তিঃ ০২(দুই) পাতা।**

(মনির উদ্দিন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/ক্রেঃ বিঃ -১/৩(৭)/২০১৯-২০২০/২৫৩(১২৫০) তারিখঃ - ঐ -

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ , কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১০। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি / মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে
ফোনঃ ৯৫৫০৪০৩

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

website: www.krishibank.org.bd
E-mail : dgmomm@krishibank.org.bd
Phone : 9551655

ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

নং-প্রকা/এমপিডি-৬৮(অংশ-২)/২০১৯-২০২০/৫৭ তারিখঃ ১৭-১০-২০১৯ খ্রীঃ

# অফিস নির্দেশ

ব্যাংকিং খাতে সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনার অনুশীলন ও ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম শক্তিশালী ও সময়োপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের বিগত ০৪.১০.২০১৮ খ্রীঃ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৪ ও অত্র ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের গত ০৫.০৯.২০১৯ তারিখের পত্র নং-প্রকা/আরএমডি-১/২০১৯-২০২০/৪৫৬ এর মাধ্যমে Risk Management Guidelines for Banks এর নির্দেশনা মোতাবেক প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার (Cheif Risk Officer) দায়িত্ব জনাব মোঃ কাইসুল হক, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয় এর উপর ন্যস্ত করা হলো।

০২। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার (CRO) কার্যাবলী (TOR)অপর পৃষ্ঠায় সংযুক্ত করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১৭.১০.২০১৯
(শামছুন্নাহার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এমপিডি-৬৮(অংশ-২)/২০১৯-২০২০/৫৭ (১২০৫) তারিখঃ ১৭-১০-২০১৯ খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
৬। অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক), বিকেবি রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

১৭/১০/২০১৯
(মোঃ কাজী আলম)
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

D:\Document\Circular 2 Salim.doc

## প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার ভূমিকা ও কার্যাবলীঃ

ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামোর মধ্যে আরও স্বচ্ছতা, সহনশীলতা ও প্রজ্ঞা বজায় রাখতে প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার (CRO) ভূমিকা ও দায়িত্ব অপরিসীম। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার স্বাধীনভাবে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর যে কোন কাজের উপর পর্যাপ্ত পরিমাণে কর্তৃত্ব, ক্ষমতা ও জ্যেষ্ঠতা থাকবে। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা প্রয়োজনে সরাসরি পরিচালনা পর্ষদে প্রবেশ এবং পরিচালনা পর্ষদে অথবা ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির নিকট সরাসরি প্রতিবেদন দাখিল করবে। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির (BRMC) সরাসরি তত্ত্বাবধানে থাকবে। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা ব্যাংকের ব্যবসায়িক কর্মকাণ্ডের প্রতিবেদন সম্পর্কিত বিষয়ে সরাসরি কোনো হস্তক্ষেপ করবে না। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা ব্যাংকের গুরুত্বপূর্ণ ঝুঁকিগুলো সনাক্ত করবে এবং ব্যবস্থাপনা পরিচালককে উক্ত ঝুঁকি অবহিত করার জন্য তার অনুলিপি দাখিল করবে। CRO তার কর্তব্য যথাযথ পালন করার জন্য ব্যাংকের যে কোনো বিভাগ হতে তথ্য চাইলে উক্ত বিভাগ তথ্য দিতে বাধ্য থাকবে। এ বিষয়ে তিনি পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পূর্ণ সহযোগিতা গ্রহণ করতে পারবেন।

সিআরও (CRO) বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা পরিচালনার আরও স্বচ্ছতার জন্য নিম্নলিখিত দায়িত্ব পালন করবেঃ

(১) প্রাথমিকভাবে ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনার কার্যাবলী আরও কার্যকর, উন্নত ও এর বাস্তবায়ন তত্ত্বাবধান করবেন;

(২) পরিচালনা পর্ষদ/ পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিকে ব্যাংকের রিস্ক এপেটাইট (Risk Appetite) ও রিস্ক লিমিট (Risk Limit) এর মধ্যে রিস্ক এপেটাইট (Risk Appetite) এর উন্নয়নে সেতুবন্ধন হিসেবে সহায়তা করবে;

(৩) ব্যাংকের সামগ্রিক ও কৌশলগত পরিকল্পনা অর্জনের লক্ষ্যে ব্যাংকের ব্যবসায়িক খাতগুলির রিস্ক এপেটাইট (Risk Appetite) ও রিস্ক লিমিট (Risk Limit) নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাপনার সাথে সক্রিয়ভাবে কাজ করবেন এবং দূরদর্শিতার সাথে ব্যাংকের ঝুঁকি গ্রহণ ও ঝুঁকি সীমা নির্ধারণে মুখ্য ভূমিকা পালন করবে;

(৪) গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত (যেমনঃ কৌশলগত পরিকল্পনা, মূলধন ও তারল্য পরিকল্পনা, নতুন পণ্য ও পরিসেবা, ক্ষতিপূরণ নকশা এবং কার্যকলাপ) গ্রহণে অবদান এবং সক্রিয় অংশগ্রহণ করতে হবে;

(৫) ঝুঁকি সম্পর্কিত সকল কাজ সুচারুরূপে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পদ্ধতি, রণ কৌশল ও প্রক্রিয়া ঠিক করা যাতে ঝুঁকি চিহ্নিতকরণ, পরিমাণ, প্রশমিতকরণ ও পর্যবেক্ষণের মাধ্যমে ঝুঁকি প্রতিবেদন প্রস্তুত করা যায়;

(৬) ব্যবসায়িক ঝুঁকিগুলো চিহ্নিত, মূল্যায়ন ও নিয়ন্ত্রণ করার জন্য প্রক্রিয়াগুলো সনাক্তকরণ, উন্নয়ন ও পরিচালনা করার জন্য সহায়তা করা ও ব্যবসায়িক ঝুঁকিগুলোর মূল্যায়ন এবং সেগুলোর নিয়ন্ত্রণের জন্য ঝুঁকির উন্নয়নে এবং ঝুঁকির পদ্ধতিগুলো পরিচালনার সহায়তা করা;

(৭) কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন সাপেক্ষে ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি, রিস্ক লিমিট (Risk Limit) উন্নয়নের জন্য প্রক্রিয়া গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;

(৮) ঝুঁকি সম্পর্কিত বিষয়গুলো স্বাধীনভাবে পূর্ণ ক্ষমতায়নের মাধ্যমে ব্যাংকের প্রধান ও সঙ্কটময় ঝুঁকি নিবীড় পর্যবেক্ষণে রাখতে হবে;

(৯) ব্যাংকের প্রচলিত নিয়মনীতির মধ্যে থেকে পরিচালনা পর্ষদ ও ঊর্ধ্বতন নির্বাহীগণ প্রদত্ত মতামত ও পর্যবেক্ষণের সমন্বয় সাধন;

(১০) ব্যাংকের আর্থিক সুরক্ষা নিশ্চিত করার জন্য ঝুঁকি হস্তান্তর, ঝুঁকি প্রতিরোধ ও ঝুঁকি ধারণ সম্পর্কিত যথাযথ পদ্ধতি গ্রহণ করা;

(১১) বড় অংকের ঋণ প্রস্তাবনার (যা ব্যাংক কর্তৃক গ্রহণ করা হয়) ক্ষেত্রে ক্রেডিট কমিটি, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি বা পরিচালনা পর্ষদে উপস্থাপনের পূর্বে ঐ ঋণের ঝুঁকির পরিমাণ সম্পর্কে সুনির্দিষ্ট মতামত প্রদান করতে হবে;

(১২) ব্যাংকের পোর্টফলিও'র অবস্থা পর্যবেক্ষণ করে ভালো মানের সম্পদের প্রবৃদ্ধি নিশ্চিত করা;

(১৩) সকল কোর ঝুঁকি সহ অন্যান্য ঝুঁকির বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর মতামতগুলো যথাযথ পরিপালন নিশ্চিত করতে হবে;

(১৪) আর্থিক ক্ষতির কারণে ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারী, জনসাধারণ ও পরিবেশের উপর বিরূপ প্রভাব সনাক্তকরণ ও বিশ্লেষণ করার পদ্ধতি প্রণয়ন করতে হবে;

(১৫) ব্যাংকে উদীয়মান এবং শিল্প ভিত্তিক ঝুঁকি হতে সৃষ্ট সমস্যা ও সমাধানের কৌশল কি হবে সে সম্পর্কে কর্মকর্তা/ কর্মচারীদেরকে তথ্য সহ জানাতে হবে;

(১৬) সম্পদ পোর্টফলিও রক্ষার জন্য পরিবেশ ও সামাজিক রক্ষাকবচ এর ব্যবহার নিশ্চিত করতে হবে;

(১৭) ব্যাংকের তথ্য নিরাপত্তা বিষয়টি তত্ত্বাবধান করতে হবে;

(১৮) মাসিক ভিত্তিতে ঝুঁকি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির সভা নিশ্চিত করতে হবে যেখানে ব্যাংকের শীর্ষ নির্বাহীগণ ব্যাংকের ঝুঁকি সম্পর্কে জানতে পারে এবং আলোচনা করে সমস্যা গুলোর সমাধান করতে পারে;

(১৯) ব্যাসেল-৩ এর ৩ নং স্তম্ভ অনুযায়ী ব্যাংকের মূল কর্মক্ষমতার সূচকগুলো সঠিকভাবে প্রকাশ নিশ্চিত করতে হবে;

(২০) অন্যান্য দেশের অর্থনৈতিক এবং আর্থিক অবস্থা সম্পর্কে অবগত হয়ে তার আলোকে কাজ করতে হবে;

(২১) বছরে কমপক্ষে একবার সারাদিন ব্যাপী ব্যাংকের সকল শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ ঝুঁকি সম্পর্কিত কর্মকর্তাদের অংশগ্রহণে বার্ষিক ঝুঁকি সম্মেলন করতে হবে;

(২২) ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে পর্যাপ্ত অভ্যন্তরীণ ও বাহ্যিক প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে;

তাছাড়াও বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের গত ২০.০৬.২০১৯ খ্রীঃ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে Guidelines on Internal Credit Risk Rating Systems for Banks এর নির্দেশনা অনুযায়ী ঋণ গ্রহীতাদের আইসিআরআর স্কোরের Excutive Summary Report প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা কর্তৃক পরীক্ষান্তে অনুমোদিত ও স্বাক্ষরিত হবে।